গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সংস্থাপন শাখা
www.cabinet.gov.bd

০১ আশ্বিন ১৪৩৩

নম্বর ০৪.০০.০০০০.০০০.৪১১.১১.০০২.২৬. ৫৭৩ তারিখ: ---------------------

১৬ সেপ্টেম্বর ২০২৬

## বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা সংশ্লিষ্ট সকলকে অবগত করা যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগ ও এর আওতাধীন তোশাখানা ইউনিট, তোশাখানা জাদুঘরের ১৩-২০ তম গ্রেডের ১৮ (আঠারো) টি ক্যাটাগরির ৭৫টি শূন্য পদে জনবল নিয়োগের নিমিত্ত ১৩-১৬ তম গ্রেডের ১৪টি ক্যাটাগরির ৩,০৪১ জন আবেদনকারীর লিখিত পরীক্ষা আগামী ২৫ আগস্ট ২০২৬ তারিখ শুক্রবার সকাল ১০:০০ হতে ১১:৩০ মিনিট (১ ঘন্টা ৩০ মিনিট) পর্যন্ত এবং ২০তম গ্রেডের ৪টি ক্যাটাগরির ১,৩৪৪ জন আবেদনকারীর লিখিত পরীক্ষা সকাল ১০:০০ হতে ১১:০০ টা (১ ঘন্টা) পর্যন্ত নিম্নবর্ণিত স্কুল/কলেজে গ্রহণ করা হবে:

**২৫ সেপ্টেম্বর ২০২৬ তারিখ সকাল ১০.০০টা হতে ১১.৩০ মিনিট (১ ঘন্টা ৩০ মিনিট) পর্যন্ত**

| ক্রম | কেন্দ্রের নাম | পদের নাম | রোল | পরীক্ষার্থীর সংখ্যা |
|---|---|---|---|---|
| ১. | **গভ: কলেজ অব এ্যাপ্লাইড হিউম্যান সায়েন্স, আজিমপুর, ঢাকা** | সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩) | 11000003 থেকে 11002170 | ২০২ |
| | | কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩) | 12000013 থেকে 12001886 | ১৮২ |
| | | ক্যাটালগার (গ্রেড-১৩) | 13000001 থেকে 13000096 | ৯৬ |
| | | ক্যাশিয়ার (গ্রেড-১৪) | 14000001 থেকে 14000558 | ৫৫৮ |
| | | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬) | 15000019 থেকে 15016157 | ৭৪২ |
| | | ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর (গ্রেড-১৬) | 16000001 থেকে 16000282 | ২৮২ |
| | | মডেলার (গ্রেড-১৬) | 18000001 থেকে 18000022 | ২২ |
| | | স্টোর কিপার (গ্রেড-১৬) | 19000001 থেকে 19000027 | ২৭ |
| | | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, (গ্রেড-১৬) (তোশাখানা ইউনিট, তোশাখানা জাদুঘর) | 20000001 থেকে 20000354 | ৩৫৪ |
| | | গ্যালারী অ্যাটেনডেন্ট (গ্রেড-১৬) | 21000004 থেকে 21001031 | ১৭৬ |
| | | ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর (গ্রেড-১৬) (তোশাখানা ইউনিট, তোশাখানা জাদুঘর) | 22000001 থেকে 22000060 | ৬০ |
| | | ইলেক্ট্রিশিয়ান (গ্রেড-১৬) | 23000001 থেকে 23000162 | ১৬২ |
| | | রিসিপশনিস্ট (গ্রেড-১৬) | 24000001 থেকে 24000120 | ১২০ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রকাশনা সহকারী (গ্রেড-১৬) | 25000001 থেকে 25000058 | ৫৮ |
| | | | **মোট** | **৩,০৪১** |

**২৫ সেপ্টেম্বর ২০২৬ তারিখ সকাল ১০.০০টা হতে ১১.০০ টা (১ ঘন্টা) পর্যন্ত**

| | | | | |
|---|---|---|---|---|
| ১. | **গভর্নমেন্ট ল্যাবরেটরি হাই স্কুল, নিউ মার্কেট এলাকা, ধানমন্ডি, ঢাকা** | অফিস সহায়ক (গ্রেড-২০) | 17000030 থেকে 17018927 | ৬০২ |
| | | নিরাপত্তা প্রহরী (গ্রেড-২০) | 26000001 থেকে 26000095 | ৯৫ |
| | | অফিস সহায়ক (গ্রেড-২০) (তোশাখানা ইউনিট, তোশাখানা জাদুঘর) | 27000001 থেকে 27000500 | ৫০০ |
| | | পরিচ্ছন্নতা কর্মী (গ্রেড-২০) | 28000001 থেকে 28000147 | ১৪৭ |
| | | | **মোট** | **১,৩৪৪** |
| | | | **সর্বমোট** | **৪,৩৮৫** |

০২। টেলিটক বাংলাদেশ লিমিটেড কর্তৃক ইতোমধ্যে এসএমএস প্রদান করা শুরু হয়েছে। নিয়োগ পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড করার জন্য টেলিটক বাংলাদেশ লিমিটেড এর https://cabinet.teletalk.com.bd/admitcard/ ওয়েবসাইটে লগ ইন করার জন্য অনুরোধ করা হলো। **উল্লেখ্য, গত ২৮ আগস্ট ২০২৬ তারিখে অনুষ্ঠিত বাছাইয়ের লক্ষ্যে MCQ পরীক্ষায় অংশগ্রহণ করে লিখিত পরীক্ষার জন্য যারা মনোনীত হয়েছেন, তাদেরকে পুনরায় নতুন প্রবেশপত্র ডাউনলোড করার জন্য অনুরোধ করা হলো।**

০৩। পরীক্ষার্থীদের নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ যথাযথ প্রতিপালন করার জন্য অনুরোধ করা হলো:

ক. লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার জন্য এ প্রবেশপত্রটি অবশ্যই সঙ্গে আনতে হবে। ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার জন্য পৃথক কোনো প্রবেশপত্র ইস্যু করা হবে না;

খ. পরীক্ষা শুরু হওয়ার ৩০ মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহণ করতে হবে এবং পরীক্ষা সমাপ্ত না হওয়া পর্যন্ত কক্ষ ত্যাগ করা যাবে না। পরীক্ষা শুরু হওয়ার পর কোনো পরীক্ষার্থী কেন্দ্রে প্রবেশ করতে পারবে না। পরীক্ষার্থীকে অবশ্যই তার নির্ধারিত আসনে বসতে হবে;

গ. পরীক্ষা কেন্দ্রে প্রবেশের সময় কোনো ধরণের ইলেক্ট্রনিক ডিভাইস (যেমন: ক্ষুদ্রাকৃতির ব্লুটুথ ডিভাইস, মোবাইল ফোন, ক্যালকুলেটর, ডিজিটাল হাতঘড়ি ইত্যাদি), বই-পুস্তক, ক্যালকুলেটর, ব্যাগ ইত্যাদি আনা যাবে না;

ঘ. পরীক্ষা চলাকালে কোনো প্রকার অসদাচরণ অথবা অসদুপায় অবলম্বন করলে প্রার্থীর উত্তরপত্র বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

ঙ. আবেদনপত্রের ছবি/স্বাক্ষরের সঙ্গে কোনো পরীক্ষার্থীর চেহারা/স্বাক্ষরের মিল না থাকলে তার পরীক্ষা গ্রহণ করা হবে না;

চ. পরীক্ষার্থীকে কালো কালির বল পয়েন্ট কলম ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার নিষিদ্ধ;

ছ. ব্যবহৃত প্রশ্নপত্র খাতার সঙ্গে অবশ্যই জমা দিতে হবে;

জ. পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে অবস্থানকালে অবশ্যই উভয় কান উন্মুক্ত রাখতে হবে;

ঝ. পরীক্ষা সংক্রান্ত তথ্য এবং ফলাফল মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে (https://cabinet.gov.bd) প্রকাশ করা হবে;

ঞ. লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষার জন্য কোনো প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না;

ট. কর্তৃপক্ষ নিয়োগ সংক্রান্ত যেকোনো সিদ্ধান্ত গ্রহণ/পরিবর্তনের অধিকার সংরক্ষণ করে।

১৮/৯/২০২৬

(মোঃ আসাদুজ্জামান)
যুগ্মসচিব (প্রশাসন)
ও
সভাপতি
বিভাগীয় নির্বাচন কমিটি
মন্ত্রিপরিষদ বিভাগ